

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ, ঢাকা  
(বিচার শাখা)  
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং- ২/২০২৩

জে,

তারিখ : ২ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ  
১৬ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ


বিষয় : অধস্তন সকল আদালত ও ট্রাইব্যুনালের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, অধস্তন সকল আদালত ও ট্রাইব্যুনালের সার্বিক নিরাপত্তার বিষয়ে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয় গভীরভাবে উদ্বিগ্ন। বাংলাদেশ সুপ্রীম কোর্ট হতে ইতোপূর্বে একাধিকবার দেশের প্রত্যেক আদালতের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হয়েছিল।

২। অধস্তন দেওয়ানী আদালতে মোকদ্দমাসমূহের নথিতে বিচারপ্রার্থী জনগণের মূল দলিল/ডকুমেন্টসহ বিভিন্ন ধরনের গুরুত্বপূর্ণ কাগজপত্র থাকে। আদালতের হেফাজতে থাকা এসব দলিলাদি ও গুরুত্বপূর্ণ কাগজপত্র চুরি/নষ্ট হলে আদালতের ভাবমূর্তি ক্ষুণ্ণ হবে। অধস্তন সকল আদালত ও ট্রাইব্যুনালের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয় সংশ্লিষ্ট সকলকে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেছেন :

- (ক) আদালত ও বিচারকগণের বাসভবনের সীমানা প্রাচীর সুসংহত করা;
- (খ) আদালত ও ট্রাইব্যুনালের এজলাস, বিভাগ, প্রতিটি ফটক ও আদালতের বাহিরে সিসিটিভি স্থাপন করা;
- (গ) আদালত ভবনের বাইরে ও ভিতরে নিরাপত্তা প্রহরী দ্বারা সার্বক্ষণিক পাহারা দেওয়া;
- (ঘ) আদালত ভবনের দরজা ও জানালাগুলি গণপূর্ত বিভাগ কর্তৃক পরীক্ষা করে খিল আরও মজবুত করা এবং ভঙ্গুর দরজা ও জানালাগুলি নতুন করে স্থাপন করা;
- (ঙ) আদালত চত্বরে পর্যাপ্ত বৈদ্যুতিক বাতির ব্যবস্থা করা;
- (চ) মামলা সংশ্লিষ্ট নথিপত্রের নিরাপদ সংরক্ষণের যথাযথ ব্যবস্থা করা;
- (ছ) আদালতে ব্যবহারের নিমিত্ত মানসম্মত ফার্নিচার/লকার নিশ্চিত করা;
- (জ) আদালত সীমানার চারিদিকে সিকিউরিটি পোস্ট স্থাপন করা;
- (ঝ) জরুরী ভিত্তিতে সারাদেশের আদালত এলাকায় রাতে সার্বক্ষণিক পুলিশের টহল জোরদার করা;
- (ঞ) অবকাশকালীন সময়ে আদালত ভবনের বিশেষ নিরাপত্তা নিশ্চিতের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করা;
- (ট) প্রত্যেক আদালত ও ট্রাইব্যুনালের কর্মকালীন সময়ে পর্যাপ্ত পুলিশ প্রহরার ব্যবস্থা করা।

৩। এমতাবস্থায়, উপরিউক্ত নির্দেশনাসমূহ আবশ্যিকভাবে প্রতিপালন করতঃ দেশের প্রত্যেক আদালত ও ট্রাইব্যুনালের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মুসী মোঃ মশিয়ার রহমান)  
রেজিস্ট্রার  
হাইকোর্ট বিভাগ  
ফোন: ০২-৯৫১৪৬৪৬  
ইমেইল: rg@supremecourt.gov.bd

জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ

..... (সকল)।

স্মারক নং-১ই-২৭/২০১৭ (অংশ-২)-৫৩৩

জে,

তারিখ : ২ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ  
১৬ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩. আইজিপি, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা (মেট্রোপলিটন/জেলা পর্যায়ে পুলিশ প্রশাসনকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
৪. বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, ..... (সকল)।
৫. বিশেষ জজ, বিশেষ জজ আদালত, ..... (সকল)।
৬. বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ----- (সকল)।
৭. বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল, ----- (সকল)।
৮. বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল, ----- (সকল)।
৯. বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, ----- (সকল)।
১০. সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১১. সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল, ----- (সকল)।
১২. সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১৩. চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, ----- (সকল)।
১৪. বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, ..... (সকল)।
১৫. বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ..... (সকল)।
১৬. বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।
১৭. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১৮. পুলিশ কমিশনার, মেট্রোপলিটন পুলিশ, ঢাকা/চট্টগ্রাম/বরিশাল/খুলনা/রাজশাহী/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
১৯. পুলিশ সুপার, ..... (সকল)।
২০. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ..... (সকল)।
২১. মাননীয় প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২২. রেজিস্ট্রার জেনারেল-এর একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২৩. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২৪. অফিস কপি।

Rahaman

১৬.০১.২৩

(রাশেদুর রহমান)

সহকারী রেজিস্ট্রার (বিচার)

ফোন: ০২২২৩৩৮১৯৩২